R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পাণ্ডিত (দাদাঠাকুর)

এম বি পাম্পসেট
চাষীভাইদের স্বপ্নকে সার্থক করে তোলে।
পরিবেশক :—
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৫শ বর্ষ
১৭শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ২০শে ভাদ্র বুধবার, ১৩৮৫ সাল।
৬ই সেপটেম্বর, ১৯৭৮ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৭৲, সডাক ৮৲

## ডাকঘরের অনুমোদন বাতিলের অপচেষ্টা এখনও চলছে

বিশেষ প্রতিনিধি : রঘুনাথগঞ্জে মুর্শিদাবাদ জেলার দ্বিতীয় প্রধান ডাকঘরের অনুমোদন বাতিলের চেষ্টা এখনও চলছে। ডাকঘরটি সরকারীভাবে অনুমোদন লাভ করেছে গত মাসে। বিভাগীয় উর্ধ্বতন কর্তৃপক্ষ কাজ চালু করতে বলেছেন অকটোবর মাস থেকে। পয়লা অকটোবর রবিবার, দোসরা গান্ধীজয়ন্তী। কাজেই তেসরা অকটোবর থেকে এখানে প্রধান ডাকঘরের কাজ চালুর উদ্যোগ-আয়োজন চলছে। পাশাপাশি রঘুনাথগঞ্জের অনুমোদন বাতিল করে কান্দীতে ডাকঘরটি খোলার অপচেষ্টা এখনও চলছে বলে খবর পাওয়া যাচ্ছে। ঠিক এই পরিস্থিতিতে রঘুনাথ-গঞ্জের অনুমোদন আরো এক মাস পিছিয়ে দেওয়ার আবেদন মঞ্জুর করা হয়েছে বলে খবর পাওয়া গিয়েছে। পর্যবেক্ষক মহল এটাকে রহস্যজনক বলে মনে করছেন। প্রশাসনিক কারণে অনুমোদন পিছিয়ে দেওয়া হয়ে থাকলে বলার কিছু নাই। কিন্তু এই পিছিয়ে দেওয়ার পেছনে চক্রান্তকারীদের হাত থাকলে যথেষ্ট সন্দেহের অবকাশ আছে। নির্ভরযোগ্য সূত্রে আমাদের কাছে যে সমস্ত খবর এসেছে, তাতে দেখা যাচ্ছে, একটি স্বার্থান্বেষী গোষ্ঠী এই অপকর্মে লিপ্ত হয়েছেন। তাঁরা বিভাগীয় মুষ্টিমেয় কয়েকজন কর্মী মাত্র। বহরমপুরে দীর্ঘদিন ধরে বসবাস করে তাঁরা খুঁটি গেড়ে বসেছেন। কান্দীতে হলে বহরমপুর থেকেই তাঁরা যাতায়াত করতে পারবেন বলে একেবারে গোড়া থেকে কলকাঠি নাড়ছেন। রঘুনাথগঞ্জে হলে কান্দীর মত তারা দশ মিনিট অন্তর বাসের সুযোগ পাবেন না, দৈনিক যাতায়াতও সম্ভব হবে না,

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ভাঙন রোধে রাজ্যকে আলাদাভাবে কোন সাহায্য দেওয়া হবে না : কেন্দ্র

ফরাক্কা ব্যারেজ, ২ সেপটেম্বর—উত্তরপ্রদেশ ও বিহারের বহু জায়গায় গঙ্গাভাঙন সম্পর্কে কেন্দ্রীয় সরকার জাতীয় ভিত্তিতে ভাঙন প্রতিরোধের কথা চিন্তা করছেন। সুতরাং ধুলিয়ান, নিমতিতা, অরঙ্গাবাদ প্রভৃতি স্থানে গঙ্গা-ভাঙন প্রতিরোধের জন্য আলাদাভাবে পশ্চিমবঙ্গকে কোন সাহায্য দেওয়া হবে না। ভাঙন প্রতিরোধের ব্যবস্থা রাজ্য সরকারকে এককভাবেই করতে হবে। গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ কমিশনের ডিরেক্টর পর্যবেক্ষক দলের অন্যতম সদস্য জি এস নারায়ণ আজ এখানে সাংবাদিকদের এ কথা বলেন। তাঁদের সঙ্গে ছিলেন জঙ্গিপুরের সংসদ সদস্য শশাঙ্কশেখর সান্যাল। তিনি বলেন, ফরাক্কা বাঁধ চালু হওয়ার পর জঙ্গিপুর মহকুমার প্রায় ২০ হাজার একর জমি বিলে পরিণত হয়েছে। জমা জল সরিয়ে দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকার ৪·১২ কোটি টাকার একটি প্রকল্প অনুমোদন করেছেন, কিন্তু কাজ এখনও শুরু হয়নি। বন্যাবিধ্বস্ত

( ৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ধৃত উপ-প্রধানের জামিন নিয়ে গুজব

ফরাক্কা ব্যারেজ, ৫ সেপটেম্বর—২৭ আগষ্ট ফরাক্কা ব্লকের নয়নসুখ অঞ্চলের উপ-প্রধান শ্যামাপদ পালকে গ্রেপ্তারের পর জামিন নিয়ে নানা জনে নানা প্রশ্ন তুলেছেন। এঁদের মধ্যে অধিকাংশের ধারণা, ধৃত উপ-প্রধান সি পি এম দলের লোক বলে জামিনে তাঁকে ছেড়ে দেওয়া হয়েছে। পুলিশ জানিয়েছে, এটা 'স্রেফ গুজব'। আসলে 'বন্যাত্রাণে ব্যস্ত থাকায় তাঁকে জামিনে মুক্তি দেওয়া হয়েছিল।'

টহলদার পুলিশ ওই দিন রাতে উপ-প্রধান শ্যামাপদ পালের নয়নসুখের বাড়ীতে হানা দিয়ে মোটরের দুট চোরাই টায়ার ও দুটি টিউব উদ্ধার করেছিল এবং শ্যামাপদ পালসহ বলরাম পালকে গ্রেপ্তার করেছিল। বলরাম পাল সম্পর্কে শ্যামপদ পালের কাকা।

## কয়লার অনটন

নিজস্ব প্রতিনিধি : জঙ্গিপুর মহ-কুমার সর্বত্র পোড়া কয়লার আকাল দেখা দিয়েছে। গত এক মাসে এই সংকট তীব্রতর হয়েছে। মহকুমার শহর ও গ্রামাঞ্চলে কয়লার অভাবের সুযোগে এক শ্রেণীর ডিলার ন্যায্যদামের চেয়ে অনেক বেশী দামে কয়লা বিক্রী করছেন বলে অভিযোগ পাওয়া যাচ্ছে। লাইন দিয়ে কোন কোন জায়গায় সাড়ে আট টাকা থেকে বার টাকা মণ দরে কয়লা কিনতে দেখা যাচ্ছে।

## কেন্দ্রীয় হারে বেতন

ফরাক্কা ব্যারেজ, ৬ সেপটেম্বর—ফরাক্কা বাঁধের কর্মচারী সমিতি হাস-পাতাল ও স্কুলের কর্মচারীদের কেন্দ্রীয় হারে বেতন ও ভাতার দাবিতে দীর্ঘ-দিন ধরে যে আন্দোলন চালাচ্ছিলেন, নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, কেন্দ্রীয় শ্রম ও অর্থমন্ত্রক সেই আন্দোলনের প্রতি সমর্থন জানিয়ে কমিটি গঠনের পরামর্শ দিয়েছেন। কমিটিতে থাকবেন সরকারী কর্তৃপক্ষ এবং কর্মচারী সমিতির প্রতিনিধিরা। এই কমিটি কেন্দ্রীয় হারে বেতন কাঠামো সম্পর্কে সুপারিশ করবেন বিভিন্ন বিষয় খুঁটিয়ে দেখার পর। এখানে এখন কমিটি গঠনের তোড়জোড় চলছে বলে খবর।

## জোড়া জোড়া খুন

নিজস্ব সংবাদদাতা : ৩ সেপটেম্বর সকালে ফরাক্কা থানার সমরেশপুর গ্রামে সম্পত্তি নিয়ে শরীকী সংঘর্ষে দু'জন খুন হয়েছে বলে পুলিশ সূত্রে খবর পাওয়া গিয়েছে। নিহতদের দু'জনেই মহিলা। ঘটনার বিবরণে প্রকাশ, সম্পত্তির ভাগবাঁটোয়ারা নিয়ে বৈমাত্রেয় আট ভাইয়ের মধ্যে কাজিয়া চলছিল বহুদিন থেকে। ঘটনার দিন সকালে এক পক্ষের পাঁচ ভাই হাঁসুয়া নিয়ে অপর পক্ষের তিন ভাইয়ের বাড়ী চড়াও হয়। সেখানে হাঁসুয়ার আঘাতে আজিদ সেখ নামে এক ভাই জখম হয়। তার মেয়ে আয়েসা খাতুন তাকে বাড়ী নিয়ে গিয়ে শুশ্রূষা করার সময় পাড়ার মেয়েরা সেখানে জড় হয়। ঠিক সেই সময় অপর পক্ষের সেফ জুদ্দিন সেখ নামে এক ভাই একটি বোমা ছুঁড়ে মারে। বোমার ঘায়ে আয়েসা খাতুন (১৬) এবং মোসেম্মারা খাতুন (১) ঘটনাস্থলেই নিহত হয় এবং আরো অনেকে আহত হয়। এক বছর আগে আয়েসার বিয়ে হয় বলে জানা যায়। এখন পর্যন্ত একজনকে গ্রেপ্তার করা হয়েছে।

অরঙ্গাবাদের সংবাদদাতা পুলিশ সূত্রের উদ্ধৃতি দিয়ে লিখেছেন, পুরনো মারামারির জের টেনে ১৬ আগষ্ট সূতী থানার কোলিহা গ্রামে দুই দলে একটি সংঘর্ষ হয়। সংঘর্ষে তীরের আঘাতে পিতা-পুত্রসহ তিনজন গুরুতর জখম হন। আহতদের মধ্যে ভবেশ মণ্ডল ২১ আগষ্ট মারা যান বহরমপুর হাস-পাতালে এবং তাঁর বাবা গিরীশ মণ্ডল ২০ আগষ্ট মারা যান জঙ্গিপুর হাস-পাতালে। গ্রেপ্তারের কোন খবর নাই। নিহত ভবেশ মণ্ডল কয়েকটি মামলার আসামী ছিলেন বলে প্রকাশ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২০শে ভাদ্র বুধবার, ১৩৮৫ সাল।

## জনতার বিচার

উপনিষদে একটি গল্প আছে শরীরের অঙ্গ-প্রত্যঙ্গের মধ্যে কে বড় তাহা লইয়া একবার ঝগড়া শুরু হইয়া গেল। প্রতিটি অঙ্গ-প্রত্যঙ্গই নিজের শ্রেষ্ঠত্বের দাবি করিতে লাগিলে শুরু হইল পরীক্ষা। সকলেই নিজের নিজের কাজ বন্ধ করিয়া দিয়া দেখিল শরীরের বিশেষ ক্ষতি হইল না। তাহা দেখিয়া প্রাণ হাসিতে লাগিল। সে একটু মজা করিবার জন্য শরীর ছাড়িয়া যাইবার উপক্রম করিতেই অঙ্গ-প্রত্যঙ্গ-সমূহ মৃত্যুর জ্বালা অনুভব করিল। তাহারা নিজেদের ভুল বুঝিতে পারিয়া শরীর ছাড়িয়া না যাইবার জন্য প্রাণের নিকট কাতর প্রার্থনা করিতে লাগিল।

বর্তমান ভারতবর্ষে অনুরূপ অবস্থার সৃষ্টি হইয়াছে বলা চলে। ভারতবর্ষের রাষ্ট্রযন্ত্রের প্রাণ কোটি কোটি নিরক্ষর, বুভুক্ষু, অসহায় জনসাধারণকে ভুলিয়া গিয়া কয়েকজন নেতার ধারণা জন্মা-ইয়াছে যে, তাঁহারাই সব। তাঁহাদের দলই সব। প্রতি বৎসর বন্যার করাল গ্রাসে লক্ষ লক্ষ মানুষ গৃহহারা হইতে-ছেন, বর্ণবিদ্বেষের আগুনে দেশের অঙ্গ-প্রত্যঙ্গ জ্বলিয়া যাইতেছে, শিক্ষা-ক্ষেত্রে অদূরদর্শী পরীক্ষা-নিরীক্ষায় অশিক্ষার অন্ধকার বিস্তৃতি লাভ করি-তেছে, বেকারীর জ্বালায় লক্ষ লক্ষ যুবক পথভ্রষ্ট হইতেছে, লাইসেন্স নীতির ত্রুটি-বিচ্যুতি এবং ক্রমবর্ধমান বিদ্যুৎ সঙ্কটের দরুণ শিল্পক্ষেত্রে উৎ-পাদন ব্যাহত হইতেছে, দ্রব্যমূল্য বৃদ্ধির ফলে জনসাধারণ ত্রাহি ত্রাহি রব তুলিতেছেন, অসামাজিক কাজকর্মের প্রতি ঝোঁক বাড়িতেছে, শাসনযন্ত্র ঠুঁটো জগন্নাথে পরিণত হইয়াছে—আর আমাদের নেতারা পোশাকী আস্ফালন করিয়া নিজের নিজের শক্তি-পরীক্ষায় মত্ত হইয়াছেন। তাঁহারা বিস্মৃত হইতেছেন যে, একদিন যে জনতার রায়ে তাঁহারা ক্ষমতায় অধিষ্ঠিত হইয়াছেন, সেই জনতার বিচরের সম্মুখীন তাঁহাদিগকে একদিন না একদিন হইতেই হইবে। জনতার বিচার বড় সূক্ষ্ম, নিষ্ঠুর এবং নির্মম। শক্তিমদে মত্ত ইন্দিরা সরকারকে এই জনতাই একদিন নিষ্ঠুরভাবে ছুড়িয়া দিয়াছিল পথের ধূলায়; বর্তমান জনতা নেতারা যদি কর্তব্য ভুলিয়া শক্তি-পরীক্ষায় মত্ত থাকেন, তাহা হইলে নিপীড়িত, বঞ্চিত, ক্ষুব্ধ জনতা তাঁহা-দেরও আস্তাকুঁড়ে ছুঁড়িয়া ফেলিয়া দিতে কসুর করিবেন না—এই শুভ-বুদ্ধি যেন তাঁহাদের হয়।

## ফরাক্কা বাঁধের যন্ত্রাংশ চুরি, বামাল গ্রেপ্তার

ফরাক্কা ব্যারেজ, ৩১ আগষ্ট—ফরাক্কা পুলিশ শুক্রবার রাত্রে প্রায় ১২,০০০ হাজার টাকা দামের চোরাই যন্ত্রাংশ সমেত বেনিয়াগ্রামের কালু সেখ নামে এক ব্যক্তিকে বিন্দুগ্রামের কাছে জাতীয় সড়কে গ্রেপ্তার করে। জানা যায়, যন্ত্রাংশগুলি আগের দিন রাত্রে ফরাক্কা বাঁধ থেকে খোয়া গিয়ে-ছিল। পরের দিন রাত্রে টাঙ্গায় করে সেগুলি নিয়ে যাওয়ার পথে কালু সেখ বামাল ধরা পড়ে। খবরটি পুলিশ সূত্রের।

### আরো সাতজন গ্রেপ্তার

রঘুনাথগঞ্জ, ৬ সেপ্টেম্বর—এই থানার ভৈরবটোলা গ্রামে সংঘটিত রাজনৈতিক হত্যাকাণ্ড ও লুঠতরাজের ঘটনায় আরো সাতজনকে গ্রেপ্তার করা হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে, শান্তিশৃঙ্খলা ভঙ্গের আশঙ্কায় গ্রামের সাতটি বন্দুক থানায় জমা নেওয়া হয়েছে। পরে বন্দুকগুলি ফেরত দেওয়া হবে। কংগ্রেস (ই) সমর্থকদের হাতে সি পি এম কর্মী খুন হওয়ায় গ্রামে উত্তেজনা দেখা দিয়েছে।

### জলসেচ নিয়ে সংঘর্ষ

সাগরদীঘি, ৫ সেপ্টেমবর—এ মাসের এক তারিখে এই থানার শীতল-পাড়া গ্রামে জলসেচের একটি ঘটনাকে কেন্দ্র করে দু' দল লোকের মধ্যে সংঘর্ষ বাধে। পুলিশ এ ব্যাপারে এখন পর্যন্ত ২৫ জনকে গ্রেপ্তার করেছে এবং গ্রামটি পুরুষশূন্য হয়ে পড়েছে বলে জানা গেছে।

### ঈদ ও শিক্ষক দিবস

নিজস্ব সংবাদদাতা, ৫ সেপ্টেমবর—বিপুল উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে আজ জঙ্গিপুর মহকুমার সর্বত্র শান্তি-পূর্ণভাবে ঈদলফেতর উৎসব পালনের খবর পাওয়া গিয়েছে। এ ছাড়াও যথাযোগ্য মর্যাদার সঙ্গে আজ মহ-কুমার বিভিন্ন জায়গায় শিক্ষক দিবস উদ্‌যাপিত হয়েছে।

## বামফ্রন্ট শরিকের সবাই সমদোষে দুষ্ট

বিমান হাজরা

সেদিন এক আর এস পি নেতা কয়েকটি অঞ্চলের উল্লেখ করে অভি-যোগ করছিলেন, 'এখানকার ফ্রন্টের দুটি শরিকদল সি পি এম ও ফঃ ব্লকের কর্মীরা আমাদের লোকজনদের ওপর অত্যাচার করছে, জোর করে জমি দখলে মদত জোগাচ্ছে। ফলে গাঁয়ে অশান্তি বাড়ছে।' ফঃ ব্লকের একজন তথাকথিত প্রথম সারির কর্মী চড়া গলায় সেদিন ক্ষোভ জানাচ্ছিলেন, 'আর এস পি গ্রামে গ্রামে যা খুশি তাই করে চলেছে। স্থানীয় প্রশাসন ও থানায় প্রভাব খাটাচ্ছে। কই আপনারা তো সে সম্পর্কে কিছু লিখ-ছেন না। উল্টে আমাদের বিরুদ্ধে একটুতেই কলম ধরছেন।'

সি পি এম দলের আবার উল্টো অভিযোগ, 'ফঃ ব্লক ও আর এস পি'র কার্য্যকলাপ জঙ্গিপুরের বুকে ফ্রন্টের ইমেজ নষ্ট করছে। তারা জোতদার ও সমাজবিরোধীদের হয়ে কাজ করছে।'

ক্ষমতাসীন বাম দলের উপরতলা বা মন্ত্রীসভা যে ধরনের ঐক্যের কথাই বলুন না কেন, জঙ্গিপুরের বুকে ফ্রন্ট শরিক দলগুলোর মধ্যে সে ধরনের সম্পর্ক বজায় নেই—স্থানীয় নেতৃত্বের প্রকাশ্য ক্ষোভ সেই ধারণাকে সুস্পষ্ট ইঙ্গিত করছে।

সাম্প্রতিককালে নিজেদের মধ্যে কয়েকটি শরিকী সংঘর্ষ পরস্পরের মধ্যেকার দূরত্বকে আরও বাড়িয়ে দিয়েছে। অনুপ্রবেশকারী কংগ্রেসী-দের অনেকেই এখন ফ্রন্ট শরিকগুলোর ছত্রছায়ায় আশ্রয় নিয়েছে।

সবচেয়ে আশ্চর্য্যজনক ঘটনা ঘটেছে মহকুমার বিভিন্ন অঞ্চলের প্রধান ও উপ-প্রধান নির্বাচন নিয়ে। বামফ্রন্টের ষ্ট্রাটেজী ছিল (১) নিজেদের মধ্যে এক-ত্রিত হয়ে সংখ্যাগরিষ্ঠ প্রতিনিধিবিশিষ্ট শরিক দলকে প্রধান ও উপপ্রধান নির্বাচনে সাহায্য করা এবং (২) এই নির্বাচন উপলক্ষে কোথাও কোনো-মতেই কংগ্রেস ও কংগ্রেস (আই)-এর সঙ্গে সমঝোতা না করা।

কিন্তু মহকুমার ৫৪টি অঞ্চলের মধ্যে ফঃ ব্লক ১টিতে কংগ্রেসের সঙ্গে, আর এস পি ৩টিতে কংগ্রেসের সঙ্গে ও ২টিতে কংগ্রেস (আই)-র সঙ্গে এবং সি পি এম ৩টিতে কংগ্রেস (আই)-এর সঙ্গে সম-ঝোতার বিনিময়ে পঞ্চায়েত নির্বাচনে প্রকাশ্যভাবে অংশ নিয়েছেন। অনেক ক্ষেত্রেই শরিক দলগুলো নীতি ও আদর্শকে বিসর্জন দিয়ে প্রধান বা উপপ্রধানের পদ দখল করেছেন।

রঘুনাথগঞ্জ ২নং ব্লকের তেঘরি অঞ্চলে আর এস পি প্রার্থী প্রধান এবং কংগ্রেস (আই) প্রার্থী উপপ্রধান নির্বা-চিত হয়েছেন। অনুরূপ ঘটনা ঘটেছে সুতীর বংশবাটি, হারুরা, বহুতালি, এবং বাজিতপুর অঞ্চলে কংগ্রেস-আর এস পি সমঝোতায়। বহুতালিতে পারটিবিরোধী কাজের জন্য একজন আর এস পি কর্মীকে দল থেকে বহি-ষ্কার করা হয়েছে।

ফঃ ব্লক কংগ্রেসের সঙ্গে সমঝোতা করে প্রধান পদ পেয়েছে জরুর অঞ্চলে; বিনিময়ে উপপ্রধান পদটি ছেড়ে দিতে হয়েছে। অথচ এই কেন্দ্রে ফ্রন্টের অপর শরিক আর এস পি দল ফঃ ব্লকের সমর্থন পেলে নির্বাচনে জয়ী হতে পারতেন।

সি পি এম দলও একই অভিযোগে অভিযুক্ত। তাঁরা কংগ্রেসীদের সঙ্গে সমঝোতা করেছেন সাগরদীঘির বোখারা (এক), গোবর্ধনডাঙ্গা এবং সামসেরগঞ্জের নিমতিতা অঞ্চলে।

অতএব পরিসংখ্যান বলছে জঙ্গিপুর মহকুমায় পঞ্চায়েতের প্রধান নির্বাচনের ব্যাপারে বামফ্রন্টের শরিক দলগুলি উপরতলার দলীয় নির্দেশ অমান্য করে পরস্পরের বিরুদ্ধে কোমর বেঁধে লড়াই করে প্রমাণ করেছেন যে, কংগ্রেসের মত তাঁরাও পরস্পরের সঙ্গে অন্তর্কলহে লিপ্ত। মুখে ঐক্যের কথা শোনালেও তাঁদের নিজেদের মধ্যে অনৈক্য চরমে।

### ক্ষতিগ্রস্ত সড়ক পরিদর্শন

নিজস্ব সংবাদদাতা, ৬ সেপ্টেমবর—পূর্তমন্ত্রী যতীন চক্রবর্তী কারামন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়কে সঙ্গে নিয়ে গতকাল জঙ্গিপুর মহকুমায় বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তাগুলি পরিদর্শন করেন।

### ফরাক্কার গ্রামে ডাকাতি

ফরাক্কা, ৫ সেপ্টেমবর—এই থানার রাণীপুরে গত মঙ্গলবার কুড়ানি মণ্ডলের বাড়িতে সশস্ত্র ডাকাতি হয়েছে বলে খবর পাওয়া গিয়েছে। জানা গিয়েছে, ডাকাত দল প্রায় তিন হাজার টাকা লুঠ করেছে এবং তাদের নিক্ষিপ্ত বোমার আঘাতে দু' জন গ্রামবাসী জখম হয়েছেন।

## সাহায্য দেওয়া হবে না

( ১ম পৃষ্ঠার পর )

এলাকা পরিদর্শনের সময় বহু লোক তাঁদের কাছে ঠিকমত রিলিফ পাচ্ছেন না বলে অভিযোগ করেন। ধুলিয়ানে পর্যবেক্ষক দলের সামনে রিলিফ নিয়ে বাকবিতণ্ডা শুরু হয়।

পর্যবেক্ষক দল দু' দিন ধরে মালদহ ও মুর্শিদাবাদের বন্যাপীড়িত এলাকা পরিদর্শন করে স্বীকার করেন যে, এই দুটি জেলায় বন্যায় খুব বেশী ক্ষতি হয়েছে। রাজ্য সরকার ক্ষয়-ক্ষতির যে হিসাব দিয়েছেন, তা মোটামুটি নির্ভুল। ধুলিয়ান ও নিমতিতা এলাকায় গঙ্গাভাঙ্গন পরিদর্শনের সময় তাঁরা সেচ বিভাগের ইনজিনীয়ারের সঙ্গে আলোচনা করেন এবং বলেন যে, গঙ্গাভাঙ্গন প্রতিরোধের আগে বন্যা নিয়ন্ত্রণ সম্ভব নয়।

**ত্রাণশিবিরে মৃত্যু ঃ** ফরাক্কা ব্লকের নয়নসুখ স্কুলে ত্রাণশিবিরে বন্যার গোড়ার দিকে একজন শরণার্থী পথ্য এবং ওষুধের অভাবে মারা গেছেন বলে যুব কংগ্রেস (ই) সহ-সভাপতি সোমেন পাণ্ডে জানিয়েছেন।

**বন্যাপীড়িতের সেবায় ঃ** ভয়াবহ বন্যা পরিস্থিতি মোকাবিলায় অরঙ্গাবাদ ডি এন কলেজের জাতীয় সেবা প্রকল্পের সমাজকর্মীরা ১৯ আগষ্ট থেকে বন্যাদুর্গতদের সেবায় আত্মনিয়োগ করেছেন। এস ইউ সি দলের পক্ষ থেকেও কয়েকটি ত্রাণশিবির খোলা হয়েছে বলে জানানো হয়েছে।


মোদের গরব মোদের আশা



পশ্চিমবঙ্গ

গত ১৩০ বছর ধরে আমরা পশ্চিমবঙ্গের উন্নতির সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। পশ্চিমবঙ্গ আমাদের কর্মক্ষেত্র, আমাদের সাধনভূমি। স্বাধীনতার পর থেকে অসংখ্য ঝড়ঝঞ্ঝা পেরিয়ে পশ্চিমবঙ্গ আজ এক নতুন দিগন্তের সামনে এসে পৌঁছেছে। আমরাও সেই দিগন্তের দিকেই এগিয়ে চলেছি।

আমাদের চা উৎপাদন এবং পরিবেষণের এত দীর্ঘ অভিজ্ঞতা এবং ইদানীংকালে সিগারেটের ক্ষেত্রেও আমাদের কার্যসূচী আমাদের এক জোরালো আত্মবিশ্বাস দিয়েছে।

পশ্চিমবঙ্গে উৎপাদিত এই চা এবং সিগারেট আমরা স্বদেশের প্রয়োজন মেটাবার পর বিদেশের বহু জায়গায় পৌঁছে দিচ্ছি।

পশ্চিমবঙ্গের প্রায় ৫০,০০০ কর্মী মানুষ আজ আমাদের কাজে সরাসরি নিযুক্ত। এই বিপুল সংখ্যক মানুষের জীবনের আশা আকাঙ্ক্ষা আমাদের বিভিন্ন কর্মধারার সঙ্গে জড়িয়ে আছে।

আমরা এই রাজ্য সরকারকে বছরে বিভিন্ন কর এবং শুল্ক খাতে প্রায় ৩ কোটি টাকা দিয়ে থাকি। এই টাকা এবং আমাদের এই বিশাল মেহনত রাজ্যের উন্নতিতে তার ছাপ রাখছে। রাজ্যের উন্নতিতে যেমন আমাদের উন্নতি তেমনি এর বিপরীত কথাটাও সত্যি।

ডানকানস্ পশ্চিমবঙ্গের একটি প্রতিষ্ঠান। পশ্চিমবঙ্গের জীবনযাত্রার সংগে ডানকানস্ জড়িয়ে আছে। এটাই আমাদের পরিচয়। এটাই আমাদের গর্ব।

DUNCANS

ACI/DAIL/I-78

ডানকানস্ অ্যাগ্রো ইনডাসট্রিজ লিমিটেড

"ডানকান হাউস," ৩১, নেতাজী সুভাষ রোড, কলিকাতা-৭০০ ০০১

## ডাকঘর বাতিলের চেষ্টা

( ১ম পৃষ্ঠার পর )

পোষ্টিং হলে বহরমপুরের পাট গুটিয়ে রঘুনাথগঞ্জে চলে আসতেই হবে। এই সব সাত-পাঁচ ভেবে নিজেদের স্বার্থ অক্ষুণ্ণ রাখতে তাঁরা জঙ্গিপুর মহকুমার লক্ষ লক্ষ লোকের স্বার্থ নিয়ে ছিনিমিনি খেলছেন। একটি উজ্জ্বল সম্ভাবনাকে বানচাল করে দিতে উঠে-পড়ে লেগেছেন। আর কোন ছুতো না পেয়ে তাঁরা উপযুক্ত জায়গার অভাবের ধুয়ো তুলেছেন। যদিও জায়গার কোন অভাব নাই।

এখন জঙ্গিপুরের নাগরিকদের উচিত শান্তিপূর্ণ উপায়ে জনমত গড়ে তুলে মুষ্টিমেয় স্বার্থান্বেষী কয়েকজন চক্রান্তকারীর লক্ষ্যে আঘাত হানা। দলমতনির্বিশেষে একটি প্লাটফরম থেকে এদের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার সময় উপস্থিত। দেরী না করে অঘটন ঘটার আগে তীব্র আঘাত হানতে হবে। শুধুমাত্র কয়েকটি তারবার্তা পাঠিয়ে নিশ্চেষ্ট হয়ে বসে থাকলে চলবে না। জঙ্গিপুর-রঘুনাথগঞ্জ শহর তথা মহকুমার বুদ্ধিজীবী মানুষ এবং রাজনৈতিক অরাজনৈতিক সমস্ত সংগঠনকে সময়মত এগিয়ে আসতে বিনীত অনুরোধ করি। অন্ততঃ 'না আঁচালে বিশ্বাস নাই' প্রবচনটি মনে রেখে রঘুনাথগঞ্জে জেলার দ্বিতীয় প্রধান ডাকঘরটি চালু না হওয়া পর্যন্ত আন্দোলন অব্যাহত রাখা উচিত।

OFFICE OF THE
DISTRICT SCHOOL BOARD
MURSHIDABAD

TENDER NOTICE NO. 2225

Dated, Berhampore, the 23. 8. 78

The undersigned proposes to appoint Suppliers ( Bakeries ) for the supply of Bread each weighing 450 grams sliced into six equal pieces of 75 grams to the recognised primary Schools of thirty circles of this district for the selected 114 days in 1978-79 or maximum or at the highest. Tender documents including the detailed tender notice bearing Nos. as above which are non-transferable will be avilable on request from the office of the undersigned on all working days except Sater tav from 2 P. M. to 4 P. M. on or before 9. 9. 78. Sealed Tender will be received upto 2 P. M. on 11. 9 78 and will be opened and considered on the same date at 2 P. M. in presence of the tenderers or one of his representative present. The tender should be accompanied with an Earnest money deposit as detailed in the tender documents. The Secretary, Ad-hoc Committee, District School Board Murshidabad, takes no responsibility for delay, loss or non receipt of tender documents sent by post and reserves the right to reject or accept any tender or part of tender without assigning reasons thereof. This tender notice is only for the information of the tenderers. The tender submitted must be governed by the terms and conditions as stated in tender Notice bearing No. 2225 dt. 23. 8. 78 as it is case of retender on the subject.

Sd/- M. Ghosh
Secrteary,
Ad-hoc committee,
District School Board,
Murshidabad. ( In-Charge )


**ঊষা হার্ডওয়ার ষ্টোর**

স্থান পরিবর্ত্তন : রেডক্রশের পাশে
বাবুলবোনা রোড, বহরমপুর
মুর্শিদাবাদ
হলার, যাঁতা, ঘানি, মেশিনারী
দ্রব্য বিক্রেতা।

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি
সিনিয়র রুস্তম বিড়ি

**বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী**

পোঃ ধুলিয়ান ( মুর্শিদাবাদ )
সেলস্ অফিস : গৌহাটি ও তেজপুর
ফোন : ধুলিয়ান—২১

**শ্রীগুরু হোমিও হল**

ডাঃ ডি, এন, চ্যাটার্জ্জী. ডি, এম, এস
দরবেশপাড়া, রঘুনাথগঞ্জ
মুর্শিদাবাদ

সবার প্রিয় চা—

**চা ভাণ্ডার**

রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৮

বহরমপুর—রঘুনাথগঞ্জ ভায়া
সাগরদীঘি রুটে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের
জন্য নির্ভরযোগ্য বাস

**নেশার বাস সারভিস**

( ভারতের যে কোন স্থানে ভ্রমণের
জন্য রিজার্ভ দেওয়া হয় )

**ডাঃ এস, এ, তালেব**

ডি এম এস
পোঃ ফরাক্কা ব্যারেজ, মুর্শিদাবাদ।
হোমিওপ্যাথি মতে যাবতীয়
পুরাতন রোগের চিকিৎসা করা হয়।





রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।